

“শেখ হাসিনার বারতা
নারী - পুরুষ সমতা”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩, ইন্সটান গার্ডেন রোড, ঢাকা।
web site: www.dwa.gov.bd



স্মারক নং- ৩২.০১.০০০০.০১৮.২২.০৫৯.২১- ২৬৪

তারিখঃ ২৫/০৭/২০২১

বিষয়ঃ শ্বেচ্ছাসেবী মহিলা সমিতির মধ্যে ২০২১- ২০২২ অর্থ বৎসরের অনুদান বিতরণের লক্ষ্যে আবেদনপত্র গ্রহণ ও প্রেরণ প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, শ্বেচ্ছাসেবী মহিলা সমিতিসমূহের মধ্যে ২০২১- ২০২২ সালের অনুদান বিতরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি শীঘ্রই জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশিত হবে। শ্বেচ্ছাসেবী মহিলা সমিতি সমূহের মধ্যে অনুদান বিতরণ বিষয়ে প্রয়োজনীয় নির্দেশাবলী ও বিজ্ঞপ্তির কপি পরিশিষ্ট ‘ক’ এবং ‘খ’ এ সংযোজন করা হলো। অনুদান বিতরণ সংক্রান্ত বিজ্ঞপ্তির কপি উপপরিচালক/উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ের নোটিশ বোর্ডে টানানোর জন্য এবং স্থানীয় জাতীয় মহিলা সংস্থার চেয়ারম্যান বরাবরে প্রেরণের জন্য বলা হলো।

আগামী ৩০/১১/২০২১ তারিখের মধ্যে বিশেষ অনুদানের জন্য ভালমানের কমপক্ষে ৫টি, এবং সাধারণ অনুদানের আবেদনপত্র জেলা কমিটির সুপারিশসহ সদর কার্যালয়ে প্রেরণ করতে হবে। উক্ত তারিখের পরে কোন আবেদনপত্র সদর কার্যালয়ে গ্রহণ করা হবে না এবং অনুদানের জন্য বিবেচনা করা হবে না। সদর কার্যালয়ে বিলম্বে অনুদানের তালিকা পৌঁছানোর ফলে কোন সমিতির অনুদান না পাওয়া জিনিত কারণে সৃজিতব্য সমস্যার জন্য সংশ্লিষ্ট উপপরিচালক/ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা দায়ী থাকবেন। এছাড়া বিজ্ঞপ্তি মোতাবেক শ্বেচ্ছাধীন অনুদানের আবেদন পত্রও উক্ত তারিখের মধ্যে প্রেরণ নিশ্চিত করতে হবে।

উল্লেখ্য, অনুদানের আবেদনপত্র প্রেরণের জন্য আবেদনকৃত সমিতির তালিকায় সমিতির নাম, ঠিকানা, রেজিস্ট্রেশন নম্বর ও তারিখ এবং আবেদনে সুপারিশকারীর নাম, পদবী সঠিকভাবে উল্লেখ করতে হবে। এমতাবস্থায় জরুরী ভিত্তিতে পূর্বে প্রেরিত ছক অনুযায়ী আপনার জেলাধীন ৩০ জুন ২০২১ তারিখ পর্যন্ত নিবন্ধিত সমিতির হালনাগাদ তালিকা (সক্রিয়/নিষ্ক্রিয়সহ) হার্ডকপি ও সফট কপি জমাপূর্বক সদর কার্যালয় হতে অনুদানের আবেদন ফরম সংগ্রহের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য অনুদানের আবেদন ফরম মহিলা বিষয়ক অধিদপ্তরের web site হতে ডাউনলোড করা যাবে। আবেদন ফরম যথাসময়ে সদর কার্যালয়ে প্রেরণ নিশ্চিত না করার বিষয়ে কোন ধরনের ব্যাখ্যা গ্রহণযোগ্য হবে না। বিষয়টি অতি জরুরী এবং জনগুরুত্বপূর্ণ।

সংযুক্তিঃ বর্ণনামতে ২ (দুই) পাতা।


২৫/০৭/২০২১

(ড. শেখ মুসলিমা মুন)

অতিরিক্ত পরিচালক (উপসচিব)

মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।

ফোন- ৪৮৩২০৩৭৪

উপপরিচালক

উপপরিচালকের কার্যালয়

মহিলা বিষয়ক অধিদপ্তর

.....জেলা

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। সদস্য, বাংলাদেশ মহিলা কল্যাণ পরিষদ।

৩। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।